

ফাতওয়া নাম্বার: ৩৪৮

প্রকাশকাল: ২৩-০৩-২০২৩ ইং

রুকু-সেজদায় অক্ষম হলে কীভাবে নামায পড়বে?

প্রশ্নঃ

কোমরে ব্যথা থাকার কারণে আমি স্বাভাবিকভাবে রুকু-সেজদা করতে পারি না। এখন আমার জন্য কি দাঁড়িয়ে ইশারায় নামায পড়া উত্তম, না বসে ইশারায় পড়া উত্তম?

-আবু আব্দুল্লাহ

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আপনাকে দাঁড়িয়ে ইশারায় নামায পড়তে হবে। কারণ নামাযে ‘কিয়াম’ তথা দাঁড়ানো ফরয। সক্ষম হওয়া সত্ত্বেও একটি ফরয বাদ দিয়ে; বসে নামায পড়া যাবে না। যদিও হানাফী মাযহাবের একটি মত অনুযায়ী এ অবস্থায় বসে নামায পড়ার কথা আছে, কিন্তু সেটি দলীলের দিক থেকে অগ্রগণ্য নয়। -সহীহ বুখারী: ২/৪৮ হাদীস নং: ১১১৭, দারু তাওকীন নাজহ; আত-তামহীদ: ১/১৩৫, ওয়ারাতুল আওকাফ, মরক্কো; ফাতখুল কাদীর: ২/৬, দারুল ফিকর, বৈরুত; আন-নাহরুল ফায়েক: ১/৩৩৭, দারুল কুতুবিল ইলমিয়াহ, বৈরুত; ইলাউস সুনান: ৭/২০৩, ইদারাতুল কুরআন, করাচি।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৭-৭-৪৪

০৯-২-২৩

